

ধর্মীয় অনুভূতিতে আঘাত হানা সেই শিক্ষকের ওপর

হামলা

স্টাফ রিপোর্টার, মুন্সীগঞ্জ ।
'অদৃশ্যমান আল্লাহর অস্তিত্ব
বিশ্বাসকারীরা নাস্তিক' শ্রেণীকক্ষে এ
রকম পাঠদানকারী সেই শিক্ষকের
ওপর সোমবার হামলা হয়েছে।
শিক্ষক তার বেতনের বকেয়া টাকা
ভুলতে গেলে ছাত্রজনতা বেদম প্রহার
করে। এতে তার নাক-মুখ দিয়ে রক্ত
ঝরতে থাকে। কোনমতে পালিয়ে
নিজেকে রক্ষা করে।
বিক্রমপুর আদর্শ কলেজের অধ্যক্ষ
আব্দুস সাদেক জানান, গত ৮
ফেব্রুয়ারি কলেজের একাদশ শ্রেণীতে
পাঠদানকালে 'অদৃশ্যমান আল্লাহর
অস্তিত্ব বিশ্বাসকারীরা নাস্তিক', বলে
মন্তব্য করেন ইংরেজী শিক্ষক নির্মল
রায়। তিনি আল্লাহ রসুলের প্রতি
কটুক্তিমূলক বক্তব্য দেন। বিষয়টি
পরদিন ছাত্রছাত্রীরা তাকে অবগত
করলে কয়েক শিক্ষক ক্লাসে
ছাত্রছাত্রীদেরকে জিজ্ঞাসা করে ঘটনার
সত্যতা বুঝে পান। প্রাথমিকভাবে
ঘটনার সত্যতা প্রমাণিত হওয়ায় ও
ধর্মীয় অনুভূতিতে আঘাত হানায় ও
নিয়ে বিশৃঙ্খলা ঘটান আশঙ্কা প্রকাশ
করে প্রভাষক নির্মল রায়কে কলেজের
সকল কর্মকাণ্ড থেকে অব্যাহতি দেয়া
হয়।